



# জনসংযোগ অফিস

## বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল - ৮২০০

“শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ”

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

প্রেস রিলিজ

তারিখ: ০৯.০৫.২০১৭ খ্রি:

### বরিশাল বিশ্ববিদ্যালয়ে উচ্চিদিবিজ্ঞান বিভাগের কৃতী শিক্ষার্থীদের সংবর্ধনা প্রদান, পুরস্কার বিতরণ ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন

বরিশাল বিশ্ববিদ্যালয়ের উচ্চিদিবিজ্ঞান বিভাগ আয়োজিত কৃতী শিক্ষার্থীদের সংবর্ধনা প্রদান ও পুরস্কার বিতরণ অনুষ্ঠান অদ্য ৯ মে ২০১৭ তারিখ সকাল ১১ টায় বিশ্ববিদ্যালয়ের কীর্তনখোলা হলে অনুষ্ঠিত হয়েছে। উচ্চিদিবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান ড. সুব্রত কুমার দাসের সভাপতিত্বে অনুষ্ঠিত সংবর্ধনা প্রদান ও পুরস্কার বিতরণীতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য বিশিষ্ট মৃত্তিকা ও পরিবেশ বিজ্ঞানী প্রফেসর ড. এস এম ইমামুল হক। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ট্রেজারার অধ্যাপক ড. এ কে এম মাহবুব হাসান। প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য মহোদয় উচ্চিদিবিজ্ঞান বিভাগের শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, বাস্তবতাকে মেনে নিয়ে তুমি যদি তোমার শিক্ষাকে গ্রহণ কর তাহলে তুমি উন্নতি করতে পারবে। তিনি শিক্ষার্থীদেরকে তাঁর শিক্ষা জীবনের বাস্তব অভিজ্ঞতার কথা তুলে ধরে বলেন, তোমরা যারা বিভিন্ন বিষয়ে ভর্তি হয়েছ, তারা যদি তাদের বিষয়কে প্রাধান্য দিয়ে অগ্রসর হও তাহলে সফলকাম হবে। তোমরা জিপিএ ৫ এর পিছনে না দৌড়িয়ে প্রকৃত শিক্ষায় শিক্ষিত হওয়ার লক্ষ্যে পরিশ্রম কর, তাহলেই সফল হতে পারবে। শিক্ষার্থীদের উদ্দেশ্যে উপাচার্য মহোদয় বলেন, আগামী ৬ মাসের মধ্যে শেখ হাসিনা হলের পাশে বোটানিক্যাল গার্ডেন এবং নেট হাউস তৈরি করা হবে। ইতোমধ্যে এ বিষয়ে উদ্যোগ গ্রহণ করা হয়েছে। তিনি আরও বলেন বরিশাল বিশ্ববিদ্যালয়কে সবুজ বিশ্ববিদ্যালয় হিসেবে ঘোষনা করা হয়েছে, সে লক্ষ্যে ক্যাম্পাসকে সুবৃজায়ন করে গড়ে তোলা হচ্ছে। একই সাথে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও শিক্ষার্থীদের একাডেমিক মানউনিয়নে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। বরিশাল বিশ্ববিদ্যালয় এগিয়ে যাচ্ছে এবং এগিয়ে যাবে এ আশাবাদ ব্যক্ত করে উপাচার্য মহোদয় সকলকে এ অগ্রযাত্রায় সামিল হওয়ার উদান আহবান জানান। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের ডিন, বিভিন্ন বিভাগের বিভাগীয় প্রধান, উচ্চিদিবিজ্ঞান বিভাগের শিক্ষকমণ্ডলী, ছাত্র উপদেষ্টাবৃন্দ, উচ্চিদিবিজ্ঞান বিভাগের বিভিন্ন বর্ষের শিক্ষার্থীবৃন্দরা উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে উচ্চিদিবিজ্ঞান বিভাগের বিভিন্ন বর্ষের কৃতী শিক্ষার্থী এবং আন্তঃবিভাগ ক্রিকেট টুর্নামেন্ট ২০১৭ এর চ্যাম্পিয়ন ও রানার্সআপ দলের মধ্যে পুরস্কার বিতরণ করেন প্রধান অতিথি উপাচার্য প্রফেসর ড. এস এম ইমামুল হক এবং বিশেষ অতিথি ট্রেজারার অধ্যাপক ড. এ কে এম মাহবুব হাসান। এছাড়া বিশ্ববিদ্যালয়ের কীর্তনখোলা হলে সন্ধ্যা ৬টায় উচ্চিদিবিজ্ঞান বিভাগের আয়োজনে অনুষ্ঠিত হবে এক মনোজ সাংস্কৃতিক অনুষ্ঠান।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

মো. ফয়সল মাহমুদ রফিমি  
উপ-পরিচালক (চলতি দায়িত্ব)

জনসংযোগ অফিস  
বরিশাল বিশ্ববিদ্যালয়  
(b.university.pro@gmail.com)